

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড

বরিশাল

www.barisalboard.gov.bd

স্মারক নং-বিশবো/প্রশা/১৫১/২০১১/

তারিখঃ ১৫/০৬/২০১১খ্রিঃ

নিয়োগ বিজ্ঞপ্তি

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, বরিশাল এর কম্পিউটার সেলের জন্য নিম্নবর্ণিত শূন্য পদে সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে নির্ধারিত বেতন স্কেলে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে পূর্ণ জীবনব্যুত্তাসহ দরখাস্ত আহ্বান করা যাচ্ছে।

ক্রমিক নং	পদের নাম	বেতন স্কেল/২০০৯ অনুযায়ী	শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা	পদ সংখ্যা
০১	সিস্টেম এনালিস্ট	২২২৫০-৩১২৫০/-	১। কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার বিষয়ে স্নাতকোত্তর ডিগ্রি অথবা ইঞ্জিনিয়ারিং এ সংশ্লিষ্ট শাখায় ডিগ্রিধারী হতে হবে। ২। কোন পেশাগত কম্পিউটার সোসাইটির এসোসিয়েট সদস্য হতে হবে। অভিজ্ঞতাঃ কম্পিউটার সয়েন্স ও ইঞ্জিনিয়ারিং এ মাস্টার্স ডিগ্রিসহ প্রোগ্রামার/সহকারী সিস্টেম এনালিস্ট হিসেবে ৫ বছরের অভিজ্ঞতা থাকতে হবে।	০১
০২	সহকারী প্রোগ্রামার	১১০০০-২০৩৭০/-	(ক) কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে পদার্থ/ফলিত পদার্থ/গণিত/পরিসংখ্যান/অর্থনীতি / বাণিজ্য/ব্যবসা প্রশাসন এ স্নাতকোত্তর ডিগ্রি অথবা বিএসসি ইঞ্জিনিয়ারিং/কম্পিউটার বিজ্ঞানে স্নাতক ডিগ্রি থাকতে হবে। (খ) কোন স্বীকৃত পেশাজীবী কম্পিউটার সোসাইটির সহযোগী সদস্য হতে হবে। (গ) কম্পিউটার Aptitude টেস্টে উত্তীর্ণ হতে হবে। (ঘ) ডাটা এন্ট্রি কন্ট্রোল অপারেটর হিসাবে যে কোন প্রতিষ্ঠানে কমপক্ষে ০৩ (তিন) বৎসর কাজের বাস্তব অভিজ্ঞতা থাকতে হবে।	০১
০৩	সহকারী মাইনটেন্যান্স ইঞ্জিনিয়ার	১১০০০-২০৩৭০/-	কোন অনুমোদিত বিশ্ববিদ্যালয় হতে কম্পিউটার সয়েন্স/কম্পিউটার ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রিক্যাল ইঞ্জিনিয়ারিং/ইলেকট্রনিক্স ইঞ্জিনিয়ারিং এ স্নাতক ডিগ্রিধারী হতে হবে।	০১

শর্তাবলীঃ

ক) সাদা কাগজে প্রার্থীগণ স্বহস্তে লিখিত আবেদনপত্র সচিব, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষাবোর্ড, বরিশাল-এর অনুকূলে ৫০০/- (পাঁচশত) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফটসহ (অফেরতযোগ্য) আগামী ০৭/০৭/২০১১খ্রিঃ তারিখের মধ্যে সচিব, শিক্ষা বোর্ড, বরিশাল এর নিকট পৌছাতে হবে। নির্দিষ্ট তারিখের পরে প্রাপ্ত কোন আবেদনপত্র বিবেচনা করা হবে না। আবেদনপত্রে নিম্নোক্ত তথ্যাবলী উল্লেখসহ সংশ্লিষ্ট কাগজপত্র সংযুক্ত করতে হবে।

১। নাম (স্পষ্টাক্ষরে), ২। পিতা ও মাতার নাম, ৩। বর্তমান ঠিকানা, ৪। স্থায়ী ঠিকানা, ৫। নিজ জেলার নাম, ৬। জন্ম তারিখ, ৭। জাতীয়তা, ৮। ধর্ম, ৯। শিক্ষাগত যোগ্যতা (পরীক্ষার নাম, পাসের সন, প্রাপ্ত বিভাগ/শ্রেণী, বোর্ড/বিশ্ববিদ্যালয়), ১০। অভিজ্ঞতার বিবরণ ও সনদ, ১১। জাতীয়তা সনদ, জন্ম সনদ, চারিত্রিক সনদ, ১২। পে-অর্ডার/ব্যাংক ড্রাফট, ১৩। সদ্য তোলা পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি-৪ কপি, ১৪। অন্যান্য তথ্যাদি (যদি থাকে)।

অন্যান্য তথ্যাবলী এবং আবেদনপত্রের সাথে যে সকল প্রয়োজনীয় কাগজপত্র জমা দিতে হবে তার বিবরণ নিম্নরূপঃ

- ০১। প্রথম শ্রেণীর গেজেটেড অফিসার কর্তৃক শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতার সকল সনদপত্রের সত্যায়িত ফটোকপি।
- ০২। সকল পদের ক্ষেত্রে প্রার্থীর বয়স ৩০/০৬/২০১১খ্রিঃ তারিখে ১৮ হতে ৩০ বছর এবং মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে বয়স ১৮ হতে ৩২ বছরের মধ্যে হতে হবে, তবে সিস্টেম এনালিস্ট এর ক্ষেত্রে বয়সসীমা অনূর্ধ্ব ৪০ বছর।
- ০৩। বিধি অনুযায়ী সকল কোটা সংরক্ষণ করা হবে।
- ০৪। মুক্তিযোদ্ধার পুত্র/কন্যার ক্ষেত্রে প্রার্থী মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তান হলে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয় কর্তৃক জারিকৃত ২৬/০২/২০১০ তারিখে মুবিবিমঃ/সনদ-১/প-১/২০০২/২ নম্বর প্রজ্ঞাপন মোতাবেক সংশ্লিষ্টের পিতা/মাতার নামে মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের ইস্যুকৃত সনদপত্রের সত্যায়িত ফটোকপি।

অথবা

১৯৯৭ থেকে ২০০১ সাল পর্যন্ত তৎকালীন মাননীয় প্রধানমন্ত্রী কর্তৃক প্রতিস্বাক্ষরিত এবং বাংলাদেশ মুক্তিযোদ্ধা সংসদ, কেন্দ্রীয় কমান্ড কাউন্সিল কর্তৃক ইস্যুকৃত প্রার্থীর পিতা/মাতার মুক্তিযোদ্ধা সনদের সত্যায়িত ফটোকপি।

অথবা

মুক্তিযোদ্ধা সনদ হিসেবে প্রার্থীর পিতা/মাতার মুক্তিযুদ্ধ বিষয়ক মন্ত্রণালয়ের প্রত্যয়নপত্র প্রাথমিকভাবে গ্রহণ করা হবে। তবে মৌখিক পরীক্ষার সময় প্রার্থী কর্তৃক অবশ্যই একই মন্ত্রণালয়ের মূল/সাময়িক সনদ নিয়োগ কমিটির নিকট উপস্থাপন করতে হবে। অন্যথায় উল্লিখিত কোটায় সংশ্লিষ্ট প্রার্থীকে গণ্য করা হবে না।

০৫। নিয়োগ পরীক্ষায় অংশগ্রহণের জন্য কোন TA/DA প্রদান করা হবে না।

০৬। সরকারি/আধা-সরকারি/স্বায়ত্তশাসিত সংস্থায় কর্মরত প্রার্থীদের স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

০৭। এতিমখানা নিবাসী ও শারীরিক প্রতিবন্ধী/উপজাতি/আনসার ও প্রতিরক্ষা সদস্যদের যথাযথ কর্তৃপক্ষ কর্তৃক প্রদত্ত সনদপত্রের সত্যায়িত অনুলিপি জমা দিতে হবে।

০৮। আবেদনপত্রের খামের উপর আবেদনকৃত পদের নাম ও নিজ জেলার নাম অবশ্যই উল্লেখ করতে হবে।

০৯। কোন একজন প্রার্থী একাধিক পদের জন্য আবেদন করতে পারবেন না।

১০। অসম্পূর্ণ ও ভুল তথ্য সংবলিত আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নির্ধারিত তারিখের পর কোন আবেদনপত্র গ্রহণ করা হবে না।

১১। কোন কারণ দর্শানো ব্যতিক্রমে বোর্ড কর্তৃপক্ষ এ বিজ্ঞপ্তি পরিবর্তন, বাতিল ও সংশোধন করার ক্ষমতা সংরক্ষণ করে।

১২। কর্তৃপক্ষ কোন কারণ ছাড়াই যে কোন আবেদন বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করে।

চেয়ারম্যানের আদেশক্রমে

মোঃ আবদুল মোতালেব হাওলাদার-৭০১৮

সচিব

মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
বরিশাল

জিডি-২৭৭৫